



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৭৫

১২ ডিসেম্বর ২০২৩
তারিখ: -----
২৭ অগ্রহায়ণ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

আমানতের সুদ/মুনাফার হার যৌক্তিকীকরণ প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৭, তারিখ: ০৮ আগস্ট ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে আমানতকারীদের স্বার্থ সুরক্ষা এবং ব্যাংকিং খাতে দায়-সম্পদ এর ভারসাম্যহীনতা রোধকল্পে ৩ মাস ও তদুর্ধ্ব মেয়াদী ব্যক্তি পর্যায়ের আমানত এবং বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড, অবসরোত্তর পাওনাসহ বিবিধ পাওনা পরিশোধের লক্ষ্যে গঠিত তহবিল বাবদ রক্ষিত যে কোনো পরিমাণ মেয়াদী আমানতের উপর সুদ/মুনাফা হার মূল্যস্ফীতি হার অপেক্ষা কোনোক্রমেই কম নির্ধারণ করা যাবে না মর্মে আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হয়। বর্তমানে ব্যাংক কর্তৃক বিতরণকৃত ঋণের বাজার ভিত্তিক সুদহার ব্যবস্থা প্রবর্তনের প্রেক্ষিতে সূত্রোক্ত সার্কুলারে নির্দেশিত আমানতের সুদহারের নিম্নসীমার আবশ্যিকতা নেই।
৩. বর্ণিত প্রেক্ষাপটে, ব্যাংক কর্তৃক সংগৃহীত আমানতসমূহের সুদহার স্বীয় বিবেচনায় নির্ধারণের লক্ষ্যে বিআরপিডি সার্কুলার নং-১৭, তারিখ: ০৮ আগস্ট ২০২১ এর নির্দেশনা রহিত করা হলো।
৪. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২